

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৫.১৯.১৩২

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬

২৩ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১২.০৫.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মুহাম্মাদ তবারক আলী, পিতা: মৃত কবির আহমেদ, গ্রাম: হাজীগাঁও, পোস্ট: মোনায়েম শাহ, থানা: বাঁশখালি, জেলা: চট্টগ্রাম এবং সহ-সুপার, মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদরাসা, চরণদ্বীপ, চট্টগ্রাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মুহাম্মাদ তবারক আলীর বিরুদ্ধে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম এর আদালতে জি.আর মামলা নং-৯১/২০১৬ (বোয়ালখালি) দায়ের হয় এবং উক্ত মামলা থেকে তাকে বেকসুর খালাস দেয়া হয়। মামলা এবং প্রাণ নাশের হুমকির প্রেক্ষিতে আবেদনকারী দীর্ঘদিন প্রতিষ্ঠানে উপস্থিত হতে পারেননি মর্মে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করা হয়। অধিকন্তু মাদরাসাটির সহ-সুপার পদে নতুনভাবে নিয়োগদানের প্রক্রিয়া শুরু করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং নিয়োগ প্রক্রিয়া বন্ধের দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ২নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।


০৪. উক্ত রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১২ মে, ২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ জারি করা হয়েছে:

“Pending hearing of the Rule, respondent No.9 is directed to dispose of the petitioner’s application dated 07.05.2019 (Annexure-G to the supplementary affidavit), in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of the copy of this order after hearing the parties concerned. Till such disposal, let the operation of the recruitment notification for recruiting the Assistant Superintendent in the Madrasha concerned, as published in Daily Purbokone on 20.04.2019 (Annexure-F), be stayed.”

০৫. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতের নির্দেশনা অনুযায়ী পিটিশনার কর্তৃক ৯ নং রেসপন্ডেন্টের নিকট দাখিলকৃত (০৭.০৫.১৯ খ্রি: তারিখের) আবেদন (Annexure-G to the supplementary affidavit) টি নিষ্পত্তি হওয়া প্রয়োজন। সেসাথে সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

০৬. এমতাবস্থায় রিট পিটিশন নং-৫০৩৪/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition)

দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) উপরিউক্ত মতে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৩-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)


মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৫.১৯.১৩২/১(৭)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৩-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)